গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা।
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.১৪.০৪৯.১৬-৭১৬ তারিখঃ ১৮.১২.২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৭-২০১৮ অর্থবছরে চট্টগ্রাম সড়ক জোনের পিএমপি (সড়ক-মেজর) ২য় দফায় কর্মসূচী অনুমোদন সংক্রান্ত।

সূত্র: প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা এঁর পত্র নং-৯৫৯-প্রঃপ্রঃ তারিখঃ ১০.১২.২০১৭ খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন চট্টগ্রাম সড়ক জোনের ২০১৭-২০১৮ অর্থবছরের পিএমপি (সড়ক-মেজর) এর অগ্রাধিকার তালিকায় ২য় দফায় নিম্নোক্ত মহাসড়কসমূহ নিম্নবর্ণিত শর্তে অন্তর্ভূক্তির অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলঃ

| ক্রম | মহাসড়কের নাম | সড়ক বিভাগের নাম | মহাসড়কের কাজের চেইনেজ (শুরু এবং শেষ স্থানের নামসহ) | প্রস্তাবিত কাজের দৈর্ঘ্য (কি:মি:) | সম্ভাব্য প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | কাজের ধরণ |
|---|---|---|---|---|---|---|
| ১ | কক্সবাজার | ঢাকা (যাত্রাবাড়ী)-কুমিল্লা (ময়নামতি)-চট্টগ্রাম কক্সবাজার-টেকনাফ জাতীয় মহাসড়ক (এন-১) | ৩৩১+৩৮০-৩৩৪+৩৮০ (জিন্দাবাজার-ভেন্ডাবাজার<br>৩৩৬+৩৮০-৩৩৭+৩৮০ (চৈরাখালী)<br>৩৩৮+৩৮০-৩৩৯+৩৮০ (দরগা গেইট)<br>৩৪০+৩৮০-৩৪২+৩৮০ (মালুমঘাট-সাফারী পার্ক)<br>৩৪৯+০০০-৩৫০+০০০ (খুটাখালীবাজার-নতুন অফিস)<br>৩৫১+০০০-৩৫৩+০০০ (নাপিতখালী-ইসলামপুর)<br>৩৬০+৩৮০+৩৬৩+০০০ (পানিরচরা-জোয়াররিয়ানালা)<br>৩৬৪+৩৮০-৩৭১+০০০ (জোয়াররিয়ানালা-রামু বাইপাস)<br>৩৮৪+৩২৭-৩৮৬+৩২৭ (চেইদা-কাঠিরমাথা)<br>৩৯৭+৪৮৮-৩৯৭+৯৮৮ ((ধেচুয়া পালং)<br>৩৯৭+৯৯৪-৩৯৮+৯৯৪ (মরিচার চেক পোষ্ট)<br>৪০১+৫০০-৪০৪+৫০০ (তচ্চাখালী কোটবাজার)<br>৪০৮+১৩৪-৪০৯+১৩৪ (উখিয়া বাজার)<br>৪১৩+০০০-৪১৪+০০০ (কুতুপালং বাজার<br>৪৫৮+৭৫৪-৪৬২+২৫৪ (বরইতলী-টেকনাফ) | ৩২.০০ | ২৮৬৩.০০ | 50mm Overlay |
| ২ | দোহাজারী | ঢাকা (যাত্রাবাড়ী)-কুমিল্লা (ময়নামতি)-চট্টগ্রাম কক্সবাজার-টেকনাফ জাতীয় মহাসড়ক (এন-১) | ২৪৫+৪৪৫-২৫৪+১০০ (ভেল্লাপাড়া)<br>২৫৪+২৪০-২৫৬+০০০ (শান্তিরহাট)<br>২৫৬+১৮০-২৫৮+৮২৮<br>২৬৪+০৪৫-২৬৪+৭০৯ (আমজুরহাট)<br>২৬৫+৩৬০-২৬৯+৫৫০ (পটিয়া)<br>২৬৯+৮২০-২৭০+৮০৮, ২৭২+৬৪৫-২৭২+৮৬০<br>২৭৩+১৩৪-২৭৩+৪৪৫ (বিজিসি ট্রাস্ট)<br>২৭৬+৬২০-২৭৭+৬৪৫, ২৭৭+৯৪৫-২৭৮+০৬৬<br>২৭৯+৩০৯-২৮০+৭০৩ (কাঞ্চননগর)<br>২৮১+৭০৯-২৮২+২০০ (বাগিচাহাট)<br>২৮৪+৫১০-২৮৫+০৫৯ (দেওয়ানহাট)<br>২৮৫+৫০৯-২৮৬+৮০০, ২৮৮+৪৪৫-২৮৮+৬০৮<br>২৮৮+৮১০-২৯০+০১৮,<br>২৯০+৪১০-২৯০+৯০৮ (মিঠাদীঘি)<br>২৯৫+৮১০-২৯৬+৪৪৫ (পদুয়া)<br>৩০১+৮৪৫-৩০২+০৪৮<br>৩০৬+০১০-৩০৭+২০৮ (আমিরাবাদ)<br>৩০৭+৮১০-৩০৮+৮০০ (আধুনগর)<br>৩০৯+০১০-৩১০+১৫০, ৩১০+৪৬০-৩১০+৯৫৮<br>৩১১+২১০-৩১৩+৫০০ (চুনতি)<br>৩১৪+৬১০-৩১৫+৭৫৫ (ফরেষ্ট অফিস) | ২৯.২৭ | ২৯৮৮.৩৭ | 60mm DBS Wearing Course |
| ৩ | দোহাজারী | কালুরঘাট-মনসারটেক জাতীয় মহাসড়ক (এন-১০৭) | ০+০০০০-১০+৫০০<br>কালুরঘাট-মনসারটেক | ১০.৫০ | ১৫০৯.৫০ | 60 mm Overlay |
| ৪ | রাঙ্গামাটি | চট্রগ্রাম-রাঙ্গামাটি মহাসড়ক (এন-১০৬) | ৪৮+০০০-৭৪+০০০ (রানীরহাট-ডিসি বাংলা) | ২৬.০০ | ২২৩৪.৭২ | 60mm DBS Wearing Course (Overlay) |
| ৫ | চট্টগ্রাম | চট্টগ্রাম-রাঙ্গামাটি জাতীয় মহাসড়ক (রাউজান অংশ) (এন-১০৬৫) | ১২+৫০০-২৪+৩০০<br>হাটহাজারী মোড়-মুন্সিঘাটা<br>২৪+৪৫০-২৪+৯০০<br>মুন্সিঘাটা-জলিল নগর বাস স্টেশন | ১২.২৫ | ১৫০০.০০ | 60mm DBS Overlay with Strengthening at Bazar Portion |
| মোট | | | | ১১০.০২ | ১১০৯৫.৫৯ | |

শর্তসমূহ

১। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক-মেজর) এর আওতায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য ইজিপি পদ্ধতিতে দরপত্র আহবান করতে হবে;

২। ২০১৫ সালের সওজ এর রেইট অব সিডিউল অনুযায়ী দরপত্র আহবান করতে হবে;

৩। দরপত্রে অংশগ্রহণকারী সকল প্রতিষ্ঠানের পূর্ণ নাম উল্লেখ করতে হবে এবং Joint Venture (JV) হিসেবে একাধিক ঠিকাদার কোন দরপত্রে অংশগ্রহণ করলে প্রত্যেক ঠিকাদারের আলাদা আলাদাভাবে পিএমপি (সড়ক) অথবা একই ধরনের কাজের অভিজ্ঞতা আবশ্যিকভাবে থাকতে হবে বিষয়গুলো দরপত্র দলিলের শর্তে অন্তর্ভূক্ত করতে হবে;

৪। DBS Wearing Course ও DBS Base Course এর ব্যবহৃত বিটুমিন ৬০/৭০ গ্রেড মানের হতে হবে;

৫। গত ৩(তিন) অর্থবছরের মধ্যে DBST এবং নূন্যতম গত ৪(চার) অর্থবছরের DBS Wearing Course এর কাজ হয়েছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৬। কাজের গুণগত মান বজায় রাখার লক্ষ্যে ১০ (দশ) কোটি টাকার উর্ধ্ব মূল্যের প্যাকেজ করতে হবে এবং নির্মাণ কাজের জন্য ঠিকাদারকে অবশ্যই Batching Plant ব্যবহার করতে হবে। কেবল বিশেষ পরিস্থিতিতে অত্র বিভাগের অনুমতি নিয়ে ১০(দশ) কোটি টাকার নিম্নের প্যাকেজ করা যাবে;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

৭। ২০১৭-২০১৮ অর্থবছরের কর্মসূচীর আওতাভূক্ত যে সকল মহাসড়কের বিষয়ে HDM এর কোন সুপারিশ নেই সে সকল মহাসড়কের বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং টিমের লিখিত সুপারিশ ব্যতীত দরপত্র আহবান করা যাবে না;

৮। বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় কোন কাজ চলমান আছে এরূপ কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তা যাচাই করে বাদ দিতে হবে;

৯। মহাসড়কের অবস্থা Fair to Good Condition এ আছে এমন কোন মহাসড়ক বা মহাসড়কাংশ কর্মসূচীর আওতাভূক্ত হয়ে থাকলে তাও যাচাই করে বাদ দিতে হবে;

১০। বর্ষা মৌসুমে বৃষ্টিতে কোন বিটুমিনাস কাজ করা যাবে না;

১১। ২০১৭-২০১৮ অর্থবছরের গৃহীত কর্মসূচী বাস্তবায়নের জন্য প্রতিটি প্যাকেজের নির্বাচিত ঠিকাদারকে কাজ সমাপ্তির নিমিত্ত কাজ শুরুর তারিখ হতে (Notice to commence) সর্বোর্চ্চ ৬(ছয়) মাস সময় দেয়া যাবে। তবে প্রদত্ত সময়ের মধ্যে বর্ষাকাল হিসেবে ১৫ জুন থেকে ১৫ সেপ্টেম্বর বা অংশ বিশেষ অন্তর্ভূক্ত থাকলে সে সময়কাল অতিরিক্ত হিসেবে কার্যাদেশে অন্তর্ভূক্ত করা যাবে।

১২। পিপিআর ২০০৮ এর বিধি ৬১(৪) অনুযায়ী দরপত্র প্রস্তাব দাখিলের জন্য নির্ধারিত নূন্যতম সময়সীমা ২৮ দিন দিয়ে দরপত্র আহবান করতে হবে। তবে অনিবার্য কোন কারণে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধির প্রয়োজন হলে তা পিপিআর ২০০৮ এর বিধান মতে করতে হবে;

১৩। ঠিকাদার কর্তৃক উদ্ধৃত দর ৫% এর অধিক বেশী/কম হলে দরপত্র মূল্যায়নের সময় দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক পিপিআর ২০০৮ অনুসরণ বাধ্যতামূলকভাবে রেইট এনালাইসিস করতে হবে। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক আইটেমভিত্তিক রেইট এনালাইসিস প্রতিবেদন প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট আলাদাভাবে দাখিল করতে হবে;

১৪। দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে পাবলিক প্রকিউরিমেন্ট আইন,২০১৬ (১ আগষ্ট, ২০১৬ তারিখ সংশোধিত) এর ৩১(৩) ও (৪) ধারার বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

১৫। কাজ সম্পাদনের জন্য সুপারিশকৃত দরদাতার নিজস্ব Asphalt plant না থাকলে ভাড়ায় গ্রহণের জন্য চুক্তিবদ্ধ কোন প্রতিষ্ঠানের Asphalt plant বাস্তবে রয়েছে কিনা, অন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে চুক্তিবদ্ধ রয়েছে কিনা এবং সময়মত Asphalt plant সরবরাহ করতে সক্ষম কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীকে সরেজমিন পরিদর্শন করে দরপত্র মূল্যায়ন প্রস্তাবের সাথে আলাদাভাবে একটি প্রতিবেদন দাখিল করতে হবে;

১৬। কোন ধরনের দ্বৈততা পাওয়া গেলে প্রদত্ত অনুমোদন বাতিল বলে গণ্য হবে;

১৭। কোন অবস্থাতেই কাজ অসম্পূর্ণ রাখা যাবে না। কোন ঠিকাদারের এ বিষয়ে অনিহা বা গাফিলতি বা বিলম্ব পাওয়া গেলে জরিমানা আরোপ করে সংশ্লিষ্ট জোনে সে ঠিকাদারকে বাধ্যতামূলকভাবে নূন্যতম ৩ বছরের জন্য Debar করতে হবে;

১৮। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে Defect Liability Period ৩(তিন) বছর হবে;

১৯। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কের সাব-বেইজ বা বেইজ দূর্বল/ক্ষতিগ্রস্থ থাকলে উক্ত সাব-বেইজ বা বেইজ এর মেরামত বা প্রতিকার না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২০। ২০১৭-২০১৮ অর্থবছরে পিএমপি (সড়ক) এর আওতায় বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত সকল কর্মসূচীর ক্ষেত্রে মহাসড়কে পানি জমে মহাসড়ক ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ না করে মহাসড়কে বাইন্ডার কোর্স (DBS)/ওভারলে এর কাজ করা যাবে না;

২১। সড়কের পার্শ্বে ড্রেইন এমনভাবে নির্মাণ করতে হবে যাতে ড্রেইন দিয়ে পানি মহাসড়কের উপর থেকে সরে যায় এবং কোন ক্রমেই মহাসড়কের উপর পানি জমে না থাকে। এর ব্যত্যয় হলে তাঁর দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে; এ

২২। রিজিড পেভমেন্টের ক্ষেত্রে কংক্রিটের Strength ন্যূনতম Class-30 মানের হতে হবে;

১৮/১২/১৭
(মোঃ নজরুল ইসলাম সরকার)
উপ সচিব
ফোন: ৯৫১৪০৭৫।
dsmaintenace@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অনুলিপি (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০২। জনাব মোঃ আব্দুল হামিদ, অতিরিক্ত সচিব (সজস গেজেটেড ও ঢাকা বিআরটি), মনিটরিং টিম প্রধান, টিম নং-১, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩। ড. মোঃ কামরুল আহসান, যুগ্মসচিব (বিআরটিএ সংস্থাপন), মনিটরিং টিম প্রধান, টিম নং-২, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
০৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, চট্টগ্রাম সড়ক জোন, চট্টগ্রাম।
০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৬। অফিস কপি/ মাস্টার কপি।